

## প্রয়াত রাষ্ট্রপতির স্মরণে কেন্টারবুরী যুবলীগের সভা

গত ৬ এপ্রিল বাংলাদেশের প্রয়াত রাষ্ট্রপতি জিল্লুর রহমান স্মরণে একটি কর্মসভার আয়োজন করে কেন্টারবুরী যুবলীগ। এই ইউনিটের সভাপতি আরাফাত মজুমদার প্রিন্সের সভাপতিত্বে ও সাঃ সম্পাদক শহীদ শাহিনের সঞ্চালনায় সভার প্রধান অতিথি ছিলেন যুবলীগ অস্ট্রেলিয়ার সহসভাপতি ডা. লাভলী রহমান। প্রধান বক্তা ছিলেন ড. আবদুর রাজ্জাক, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু সোসাইটির প্রাক্তন সভাপতি ডা. নুরউর রহমান খোকন, মুক্তিযোদ্ধা সংসদের সাঃ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা হারুন রশীদ আজাদ, বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনিসুর রহমান রিতু, সিনিয়র আওয়ামী লীগ নেতা এমদাদ হক এবং যুবলীগ অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক নোমান শামীম।



সভায় প্রয়াত রাষ্ট্রপতি জিল্লুর রহমানের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয় এবং তার আত্মার মাগফিরাত কামনা করা হয়। বক্তৃতা সর্বজন শ্রদ্ধেয় রাষ্ট্রপতির জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন এবং ব্যক্তিগত অভিজ্ঞতা তুলে ধরে বলেন, এই মুহূর্তে জননেত্রী শেখ হাসিনার সবচেয়ে কাছের মানুষটিকে হারিয়ে বাংলাদেশ হারিয়েছে তার নির্ভরতা আশ্রয়টুকু।

যুদ্ধাপরাধীদের বিচারের দাবিতে মশগুল বাংলাদেশকে জামাতিদের হিংস্রতা থেকে বাঁচানোর জন্য বাংলাদেশ সরকারকে কঠোর হবার আহবান জানানো হয়। সভায় আরো বক্তব্য রাখেন রকড্যাল যুবলীগ সাঃ সম্পাদক খালেদ হোসেইন, ইনার ওয়েস্ট যুবলীগ সভাপতি সাইফ রানা, কেন্টারবুরী যুবলীগ সহসম্পাদক সুব্রত।